ভোরের কাগজ

তারিখ ... পৃষ্ঠা ১৮ কলাম ৩

DEC. 27 2001

# সাতক্ষীরায় ছাত্রদল ক্যাডারদের তাণ্ডবে কলেজে পরীক্ষা ভণ্ডুল

**সাতক্ষীরা প্রতিনিধি :** নিজেরা বেতন ও পরীক্ষা ফিস তো দেয়ইনি, এমনকি যারা দিয়েছিল তাদের প্রশ্ন ও উত্তরপত্র জোর করে ছিনিয়ে নিয়ে ছাত্রদলের একদল ক্যাডার কয়েকটি কক্ষে তালা ঝুলিয়ে সাতক্ষীরা সিটি কলেজের এইচএসসি নির্বাচনী পরীক্ষা গতকাল শুরুতেই ভণ্ডুল করে দিয়েছে।

তারা কলেজে ইটপাটকেল নিক্ষেপ করে বেশ কয়েকজন শিক্ষক ও কর্মচারীকে আহত করে। ফলে পরীক্ষা গ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সাতক্ষীরা সিটি কলেজের এইচএসসির বিভিন্ন বিভাগের নির্বাচনী পরীক্ষা গতকাল বুধবার শুরুর আগেই বেতন ও পরীক্ষা ফিস পরিশোধ করে প্রবেশপত্র সংগ্রহের নোটিশ দেওয়া হয়। আড়াই শতাধিক পরীক্ষার্থীর শখানেক ছাত্র টাকা শোধ করে যথাসময়ে দোতলার হল রুমে পরীক্ষার আসনে বসে যায়। বাইরে থাকা শদেড়েক ছাত্র টাকা পরিশোধ নিয়ে কর্তৃপক্ষের সঙ্গে দর কষাকষি করে। কর্তৃপক্ষ এতে রাজি না হওয়ায় ছাত্রদল ক্যাডারদের নেতৃত্বে ছাত্ররা হাতুড়ি দিয়ে কলাপসিবল গেট ভেঙে ফেলে। তারা হলরুমে ঢুকে পরীক্ষাদানরত সকল ছাত্রছাত্রীর প্রশ্নপত্র, উত্তরপত্র এবং প্রবেশপত্র ছিনিয়ে নেয়। এ সময় সব পরীক্ষার্থী ও শিক্ষককে হলরুম থেকে জোরপূর্বক বের করে দেওয়া হয়। পরে তারা পরীক্ষার রুম, অফিস এবং শিক্ষকদের কমনরুম থেকেও সবাইকে বের করে তালা ঝুলিয়ে দেয়। পরমুহূর্তে ছাত্রদল ক্যাডাররা কলেজ ক্যাম্পাসে মিছিল ও ইটপাটকেল নিক্ষেপ করে এক অরাজক পরিস্থিতির সৃষ্টি করে। এ সময় কলেজ অধ্যক্ষ উপস্থিত না থাকায় পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। পরে পরীক্ষা গ্রহণ স্থগিত করা হয়।